

## মাসের পরিবর্তে এখন থেকে প্রতি সপ্তাহে সোমবার বিডা'র নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত

ঢাকা (5 জুলাই, ২০১৭):

বাংলাদেশে বিদেশী বিনিয়োগে উৎসাহ প্রদান, রেমিটেন্স, রয়্যালটি, টেকনিক্যাল নো-হাউ, অন্যান্য টেকনিক্যাল ফিস প্রত্যাশন বিষয়ক প্রস্তাব দ্রুত অনুমোদন ও নিষ্পত্তি, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর আভ্যন্তরীণ সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন ও সর্বোপরি বিডা'র কার্যক্রম দ্রুত ও বেগবান করার মাধ্যমে দেশে বৈদেশিক বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি ও বিনিয়োগ পরিবেশ উন্নয়নের লক্ষ্যে এখন থেকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী পরিষদের সভা প্রতি মাসের পরিবর্তে প্রতি সপ্তাহে সোমবার অনুষ্ঠিত হবে। আগামী ১৭ জুলাই, ২০১৭ থেকে এটি কার্যকর হবে।


এর ফলে বিনিয়োগ সেবা প্রত্যাশীদের এ সংক্রান্ত সেবা পেতে আর মাসাধিককাল অপেক্ষা করতে হবে না। অতি দ্রুত সময় তথা এক সপ্তাহের মধ্যেই রেমিটেন্স, রয়্যালটি, টেকনিক্যাল নো-হাউ ও অন্যান্য টেকনিক্যাল ফিস প্রত্যাশন বিষয়ক প্রস্তাব নিষ্পত্তি করা সম্ভব হবে।

আজ দুপুরে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী পরিষদের ৮ম সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বিডা'র বোর্ডরুমে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন বিডা'র নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী মোঃ আমিনুল ইসলাম।

সভায় বিডা'র নির্বাহী সদস্য জনাব মোঃ আলতাফ হোসেন, জনাব নাভাস চন্দ্র মন্ডল ও জনাব অজিত কুমার পাল এফসিএ সহ বিডা'র সংশ্লিষ্ট পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় কোন রকম পরিবর্তন ও পরিমার্জন ছাড়াই বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ৭ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং নির্বাহী পরিষদের বিগত ৭ম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

সভায় বিডা'র অনিষ্পন্ন বিষয়সমূহ যথা: সাংগঠনিক কাঠামো ও সংশ্লিষ্ট জব ডেসক্রিপশন তৈরি এবং নিয়োগ বিধি ও অন্যান্য চাহিত তথ্যাদি প্রস্তুতপূর্বক দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ, বিদেশে বাংলাদেশের বিনিয়োগ সংক্রান্ত নীতিমালা দ্রুত বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ, দেশীয় শিল্প উদ্যোক্তাদের Global Value Chain-এ সম্পৃক্তকরণে Linkage Development Program বাস্তবায়নের আওতায় নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে খ্যাতনামা বিশ্ববিদ্যালয়সমূহের সহায়তা নিয়ে প্রশিক্ষণ মডিউল চূড়ান্তকরণ, ভারতসহ প্রতিবেশী দেশসমূহের অভিজ্ঞতার আলোকে বাংলাদেশে অর্থনৈতিক করিডোর বাস্তবায়নের সুফল সংক্রান্ত একটি উপস্থাপনা তৈরি ও এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা আহবান, রেমিটেন্স, রয়্যালটি, টেকনিক্যাল নো-হাউ ও অন্যান্য টেকনিক্যাল ফিস প্রত্যাশন প্রস্তাব অনুমোদন, পারমিশন ফি ফান্ড হতে ব্যয় সমন্বয়, বিডা'র প্রকাশনা কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রভৃতি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়।